

শুগান্থ

প্রিন্ট: ২৭ জুলাই ২০২৫, ১২:৫০ পিএম

শিক্ষাসন

দ্বিতীয় দফায় পেছাল রাবির প্রথম বর্ষের ক্লাস শুরুর তারিখ



রাবি প্রতিনিধি

প্রকাশ: ২৮ জুলাই ২০২৫, ১০:০০ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) স্নাতক (সম্মান) প্রথম বর্ষ ১০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য সাবজেক্ট চয়েস, ভর্তি এবং ক্লাশ শুরুর তারিখ দ্বিতীয় দফায় পিছিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বৃহস্পতিবার (২৪ জুলাই) বিশ্ববিদ্যালয়ের ভর্তি উপকমিটির এক সভায় ভর্তি কার্যক্রম সম্পন্ন না হওয়ায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিষয়টি যুগান্তরকে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের পরিচালক অধ্যাপক মো. ছাইফুল ইসলাম।

তিনি যুগান্তরকে বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়ায় ইউনিটসমূহের সাবজেক্ট চয়েস গ্রহণ, ভর্তির শেষ সময় এবং ক্লাস শুরুর তারিখ পুনর্নির্ধারণ করা হয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী, ভর্তি কার্যক্রম চলবে ৭ আগস্ট পর্যন্ত এবং ক্লাশ শুরু হবে ১৭ আগস্ট থেকে।

এর আগে প্রথম দফায় গত ১ জুলাই থেকে ক্লাশ শুরু হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে ৩ আগস্ট নির্ধারণ করা হয়েছিল। সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী সেই তারিখও পেছানো হয়েছে।

